

**বেসরকারী কলেজে  
শিক্ষক নিয়োগে  
বিষয়**

মাইনুল হাসান ও ফারুকুর রহমান।  
জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক নির্দেশের ফলে  
বেসরকারী কলেজে শিক্ষক নিয়োগে  
দীর্ঘসূত্রতার সৃষ্টি হইয়াছে। শিক্ষক নিয়োগের  
জন্য বিশ্ববিদ্যালয়ের ১ জন প্রতিনিধি  
ইন্টারভিউ বোর্ডে থাকা বাধ্যতামূলক। ভাইস-  
চ্যান্সেলর প্রতিনিধি নিয়োগ করেন। পূর্বে  
কলেজ কমিটির সভাপতি ইন্টারভিউর তারিখ  
নির্ধারণের পর ভাইস-চ্যান্সেলরকে উহা  
জানানো হইত এবং সেই অনুসারে তিনি  
প্রতিনিধি মনোনয়ন দিতেন। সাধারণতঃ  
আশেপাশের কলেজের একজন শিক্ষককে  
এই দায়িত্ব দেওয়া হইত। নতুন এক নির্দেশে  
বলা হইয়াছে যে, শিক্ষক নিয়োগের  
বিজ্ঞাপনের পত্রিকায় প্রকাশিত কপি, কলেজ  
কমিটির সভায় মন্তব্য ও প্রতিনিধি নিয়োগের  
আবেদনপত্র বিশ্ববিদ্যালয়ে পাঠাইতে হইবে।  
ভিসি প্রতিনিধি নিয়োগের পর ইন্টারভিউর  
আয়োজন করিতে হইবে। দেখা গিয়াছে,  
ভিসির নিয়োগ আসিতে কমপক্ষে ২/৩ মাস  
সময় লাগিয়া যায়। ফলে শিক্ষক নিয়োগে  
বিলম্ব ঘটে।